01 SEP 2016

যুগান্তর

# কালিয়াকৈরে শিক্ষার্থীদের বিক্ষোভ সমাবেশ

কালিয়াকৈর (গাজীপুর) প্রতিনিধি

গাজীপুরের কালিয়াকৈরে একটি স্কুলের সভাপতির অপসারণের দাবিতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে ওই শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা। বুধবার দুপুরে কালিয়াকৈর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের মাঠে ওই স্কুলের শিক্ষার্থীরা এ বিক্ষোভ মিছিল কর্মসূচি পালন করে। ম্যানেজিং কমিটির সভাপতি ও বিদ্যালয়ের প্রধান শিক্ষকের সঙ্গে বিরোধের জের ধরে ঝাড়ু মিছিল ও বিক্ষোভ কর্মসূচিসহ নানা কর্মসূচি পালন করা হয়। স্কুলের শিক্ষক ও শিক্ষার্থীরা জানায়, স্কুলের ম্যানেজিং কমিটির সভাপতি মো. নজরুল ইসলাম ১০ আগস্ট মাসে স্কুলের প্রধান শিক্ষক সুভাষ চন্দ্র সরকারের অদক্ষতা, অযোগ্যতা, স্বেচ্ছাচারিতা, আর্থিক অনিয়মের বিরুদ্ধে গাজীপুর-১ আসনের এমপি ও মুক্তিযোদ্ধাবিষয়ক মন্ত্রী অ্যাডভোকেট আকম মোজাম্মেল হকের কাছে একটি লিখিত অভিযোগ দায়ের করেন। বিষয়টি মন্ত্রী আমলে নিয়ে কালিয়াকৈর উপজেলা নির্বাহী কর্মকর্তাকে তদন্তের নির্দেশ দেন। পরে উপজেলা নির্বাহী কর্মকর্তা বিষয়টি তদন্তের জন্য উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. সিরাজুল ইসলামকে দায়িত্ব দিলে বুধবার সরেজমিনে ওই স্কুলে তদন্তের জন্য যান। এসময় ওই স্কুলের শিক্ষার্থীরা ঝাড়ু হাতে স্কুলের ম্যানেজিং কমিটির সভাপতি মো. নজরুল ইসলামের অপসারণ দাবি জানিয়ে স্কুলমাঠে বিক্ষোভ মিছিল করতে থাকে। পরে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সিরাজুল ইসলাম বিষয়টি তদন্ত করে দেখবেন বলে আশ্বাস দিলে শিক্ষার্থীরা বিক্ষোভ মিছিল বন্ধ করে। এ ব্যাপারে কালিয়াকৈর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুভাষ চন্দ্র সরকার জানান, 'সভাপতি স্কুলের সহকারী শিক্ষক বিনয় কুমার খানকে মানসিকভাবে অত্যাচার এবং স্কুলের পিয়নকে বের করে দেয়। তাই এর প্রতিবাদে ছাত্রীরা তার অপসারণ চেয়ে ঝাড়ু মিছিল ও বিক্ষোভ করে।' এ ব্যাপারে স্কুলের ম্যানেজিং কমিটির সভাপতি মো. নজরুল ইসলাম জানান, 'প্রধান শিক্ষকের নানা অনিয়ম, দুর্নীতি ও স্বেচ্ছাচারিতার অভিযোগে মন্ত্রী মহোদয়ের কাছে একটি লিখিত অভিযোগ করি। অভিযোগের পরিপ্রেক্ষিতে বুধবার তদন্ত করতে আসেন এসি ল্যান্ড স্যার। পরে পূর্বপরিকল্পিতভাবে তদন্ত বানচাল করার উদ্দেশে প্রধান শিক্ষক ছাত্রীদের দিয়ে আমার বিরুদ্ধে বিক্ষোভ মিছিল করান।



ম্যানেজিং কমিটির সভাপতির অপসারণের দাবিতে কালিয়াকৈর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদের বিক্ষোভ ও ঝাড়ু মিছিল যুগান্তর